

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৯২

৫/ হাজ (হজ/হজ) (এআ Lall ) ।

পরিচ্ছেদঃ ৭৯. যদি কোন স্ত্রীলোক উমরার জন্য ইহরাম বাঁধার পর ঋতৃুমতী হয় , অতঃপর হজ্জের সময় উপস্থিত হওয়ায় সে তার উমরা পরিত্যাগ করে হজ্জের জন্য ইহরাম বাঁধে, এমতাবস্থায় সে তার উমরার কাযা (আদায়) করবে কিনা।

باب الْمُهِلَّةِ بِالْعُمْرَةِ تَحِيضُ فَيُدْرِكُهَا الْحَجُّ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ مُزَاحِمِ بْنِ أَبِي مُزَاحِمٍ، حَدَّثَنِي أَبِي مُزَاحِمٍ، عَنْ عَدْ عَنْ مُحَرِّشٍ الْكَعْبِيّ، قَالَ دَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْجِعْرَانَةَ فَجَاءَ إِلَى الْمَسْجِدِ فَرَكَعَ مَا شَاءَ اللَّهُ ثُمَّ أَحْرَمَ ثُمَّ اسْتَوَى عَلَى رَاحِلَتِهِ فَاسْتَقْبَلَ بَطْنَ سَرِفَ حَتَّى لَقِيَ طَرِيقَ الْمَدِينَةِ فَأَصْبَحَ بِمَكَّةَ كَبَائِتٍ .

## বাংলা

১৯৯২. কুতায়বা ইবন সাঈদ .... মুহাররিশ আল কা'বী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জি'ইররানা নামক স্থানে উপস্থিত হয়ে সেখানে অবস্থিত মসজিদে গমণ করেন এবং আল্লাহ্ তা'আলার ইচ্ছানুযায়ী সেখানে যত ইচ্ছা (রুকু) নামায আদায় করেন। অতঃপর তিনি উমরার জন্য ইহরাম বাঁধেন এবং মক্কায় গমণ-পূর্বক রাত্রিতে উমরা সম্পন্ন করে আবার উক্ত স্থানে রাত্রিতেই প্রত্যাবর্তন করেন। অতঃপর (পরের দিন সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়লে) তিনি তাঁর বাহনে সাওয়ার হন এবং বাতনে সারাফ্ নামক স্থান হয়ে মদীনার রাস্তার গিয়ে মিলিত হন। বস্তুত তিনি সকাল পর্যন্ত মক্কাতে রাত্রি জাগরণকারী ছিলেন। (অর্থাৎ এক রাত্রিতেই তিনি উমরার যাবতীয় ক্রিয়াকর্ম সম্পন্ন করত পুনরায় জি'ইররানা নামক স্থানে ফিরে আসেন। আর এতদসম্পর্কে অনেকেই অজ্ঞ ছিল।)

"রুকু" কথাটি মুনকার।

## **English**

Narrated Muharrish al-Ka'bi:



The Prophet ( entered al-Ji'ranah. He came to the mosque (there) and prayed as long as Allah desired; he then wore ihram. Then he rode his camel and faced Batn Sarif till he reached the way which leads to Medina. He returned from Mecca (at night to al-Ji'ranah) as if he had passed the night at Mecca.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুহাররিশ কা'বী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন